# প্রাথমিক বৃত্তি পরীক্ষায শিক্ষার্থীদের অন্তর্ভুক্তির দাবিতে মানব বন্ধন

**প্রতিনিধি, নারায়ণগঞ্জ** : বুধবার, ৩০ জুলাই ২০২৫




প্রাথমিক বৃত্তি পরীক্ষায় কিন্ডারগার্টেন ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থীদের অন্তর্ভুক্তির দাবিতে নারায়ণগঞ্জে মানববন্ধন ও সমাবেশ করেছেন কিন্ডারগার্টেন ও বেসরকারি স্কুলের শিক্ষক-শিক্ষার্থীরা।

আজ বুধবার সকাল ১১টায় নারায়ণগঞ্জের চাষাঢ়া কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে এই কর্মসূচি পালন করা হয়। পরে জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি প্রদান করেন সংগঠনের নেতৃবৃন্দ।

মানববন্ধনে সভাপতিত্ব করেন সিদ্ধিরগঞ্জ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ঐক্য পরিষদের সভাপতি মজিবুর রহমান। বক্তব্য রাখেন, ঢাকা কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের সভাপতি জি এইচ ফারুক, বাংলাদেশ কিন্ডারগার্টেন মালিক ঐক্য পরিষদের সভাপতি মো. সামসুজ্জামান, ভারপ্রাপ্ত মহাসচিব মহাসচিব মো. বাহাউদ্দিন , সাংগঠনিক সম্পাদক কাউসার আহমেদ, নারায়ণগঞ্জ জেলা সভাপতি,সাখাওয়াত হোসেন খান ,

আরিফ হোসেন ঢালী, এসএম বিজয়, আল মামুন, তরিকুল ইসলাম , মোঃ রুবেল , মাজহারুল ইসলাম সজীব প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ১৭ জুলাইয়ের প্রজ্ঞাপনে শুধুমাত্র সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ রাখা হয়েছে, যা বেসরকারি, এমপিও বহির্ভূত ও কিন্ডারগার্টেন স্কুলের শিক্ষার্থীদের প্রতি চরম বৈষম্যের পরিচয় বহন করে। তারা বলেন, দেশের প্রায় ৬০ হাজার কিন্ডারগার্টেনে পড়ালেখা করছে প্রায় এক কোটি ছাত্র-ছাত্রী। এই সিদ্ধান্তে তারা চনম হতাশ।

সিদ্ধিরগঞ্জের চাইল্ড হোম কিন্ডারগার্টেনের প্রধান শিক্ষক মিয়া মোঃ আব্দুল্লাহ মুজিব বলেন, আমাদের শিক্ষার্থীরা বিগত দিনে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে মেধার ভিত্তিতে লড়াই করে বৃত্তি পেয়েছে। এখনও ওরা মেধার ও যোগ্যতার পরিচয় দিতে চায়।

ফতুল্লার ক্যামব্রিজ ইন্টারন্যাশনাল স্কুলের ৫ম শ্রেনীর ছাত্র মোঃ জোবায়ের বলেন, আমরা সবাই সমান, এখানে কে প্রাথমিককে কে কিন্ডারগার্টেনে পড়ে এগুলো না ভেবে সবাইকেই সুযোগ দেয়া হোক।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ফতুল্লা, সিদ্ধিরগঞ্জ বক্তবলী, লামাপাড়া,সস্থাপুর এলাকার বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষার্থীরা।